



প্রিয় পরিবার,

আমরা আশা করি এই চিঠি পাওয়ার সময় আপনি সুস্থ এবং নিরাপদ আছেন। আমরা জানি আপনার জন্য এটি একটি কঠিন সময়, এবং এই দুর্ভাগ্যের সময় আমরা আপনার পরিবারকে সর্বোচ্চ সহায়তাদানে প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সন্তানের সাথে দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) সংশ্লিষ্ট থাকার পাশাপাশি আমরা যখন দৈনন্দিন জীবনের পরিবর্তনগুলির সঙ্গে মানিয়ে নিচ্ছি, তখন আমরা এটিও শেয়ার করছি আমাদের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামে আপনার শিক্ষক অথবা কর্মীদের কাছ থেকে এবং আপনার সন্তানের উপস্থিতির ব্যাপারে আমাদের পরামর্শ সম্পর্কে আপনি কত ঘন ঘন শোনার প্রত্যাশা করেন।

যেসব কর্মী আপনার পরিবারের সাথে কাজ করেন, তাদেরকে আমরা আপনার সাথে যোগাযোগ রক্ষায় এবং এই সময়ে আপনার সন্তানকে সহায়তাদানে উৎসাহ প্রদান করি, এবং পরামর্শ দেই যে, প্রত্যেক সপ্তাহে প্রত্যেক শিক্ষার্থী অথবা পরিবারের সাথে যেন কমপক্ষে দুবার যোগাযোগ করেন। এই সাপ্তাহিক ক্রিয়াপ্রতিক্রিয়াগুলিকে আপনার সন্তানের সাপ্তাহিক উপস্থিতি হিসেবে ধরা হবে। এর অন্তর্ভুক্ত থাকতে পারে আপনার সন্তান অথবা পরিবারের সাথে ফোনে, ইমেইলে এবং/অথবা অন্য ডিজিটাল যোগাযোগ, যা হতে পারে সহপাঠীদের সাথে গ্রুপে অথবা এককভাবে।

আমরা আপনাকে জানিয়ে দিতে চাই যে, আমরা আপনার কমিউনিটির অংশ, এবং আপনার সহায়তার প্রয়োজনে আমরা পাশে আছি। এই খোঁজ নেবার কারণে আমরা আপনার পরিবারের কল্যাণ সম্পর্কে জানতে পারি; নিশ্চিত করতে পারি যে, আপনি প্রয়োজনীয় সহায়তা ও উপকরণ পাচ্ছেন; এবং আমাদের কর্মীদেরকে পিতামাতা এবং বাড়িতে শিক্ষায় নিয়োজিত ছেলেমেয়েকে সহায়তাদানের সুযোগ দিতে পারি। এই কঠিন সময়ে, আমরা নিশ্চিত করতে চাই যে, আপনার জন্য যে আমাদের প্রোগ্রাম রয়েছে, সেটা যেন আপনার পরিবার জানতে পারে।

আপনার সন্তান যদি আমাদের প্রোগ্রাম প্রদত্ত রিমোট লার্নিং ক্রিয়াপ্রতিক্রিয়াগুলোতে অংশগ্রহণ করতে সক্ষম না হয়, অনুগ্রহ করে আমাদের জানিয়ে দেবেন এবং আমরা আপনার চাহিদার সাথে মানানসই করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবো। উপস্থিত না থাকলে আপনার বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা অথবা আপনাকে বাদ দেয়া হবে না, কেননা এই সময়ে আপনার পরিবারের জন্য সহায়তার উৎস হিসেবে থাকাই আমাদের উদ্দেশ্য।

বাড়িতে টেকনোলজিবিহীন [আর্লি চাইল্ডহুড অ্যাক্টিভিটিজ](#) (শিশুদের জন্য কর্মকাণ্ড)-এর জন্য DOE-এর ওয়েবসাইট দেখুন, এর সাথে যোগ করুন [বাড়তি রিসোর্স তালিকা](#) যার মধ্যে আছে ডিজিট্যাল/অনলাইন তথ্য-উপকরণ যা সুযোগ দেয় বিনোদনের, নতুন অভিজ্ঞতার, এবং ঠিক আপনার ডিভাইসটিতে আপনার সন্তানের উপযোগী উপকরণ লাভের বিভিন্ন পথ দেখায়। অনুগ্রহ করে আপনার পরিবার এবং সন্তানের জন্য উপযুক্ত কর্মকাণ্ড এবং প্ল্যাটফর্ম বেছে নিন। সকল মা, বাবা, আন্ট, আংকেল, ফস্টার প্যারেন্ট, গ্র্যান্ডপ্যারেন্ট এবং তত্ত্বাবধানকারীদের বলছি, আপনার সন্তানকে বেড়ে ওঠা, সাফল্য অর্জন করা, এবং এই সময়ে উন্নতি লাভের জন্য যা দরকার আপনাদের ইতোমধ্যে সেসব আছে, এবং আমরাও আছি আপনাদের সহায়তায়।

কোন প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে অনুগ্রহ করে আমার সাথে \_\_\_\_\_-এ যোগাযোগ করুন।

\_\_\_\_\_-[প্রোগ্রাম ডিরেক্টর]

T&I 31352 (Bangla/Bengali)

